গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৭/২০১৭-১৮

ঢাকা, সোমবার ১২ ফেব্রুয়ারি ২০১৮, ৩০ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নতুন নতুন জাত উদ্ভাবনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলা করতে হবে : রাষ্ট্রপতি

২। ইফাদ অধিবেশনে যোগ দিতে রোম পৌঁছেছেন প্রধানমন্ত্রী

৩। মাছ-মাংসে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে বাংলাদেশ : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

৪। খাদ্যে ভেজালের সঙ্গে জড়িতদের শাস্তি বাড়ানো হবে : সংসদে শিল্পমন্ত্রী

৫। বিটিভি বিশ্বের ৪৯টি দেশে সম্প্রচারিত হচ্ছে : তথ্যমন্ত্রী

৬। দ্রুত বিচার আইনে সাজা বৃদ্ধি করে সংসদে বিল পাশ

৭। প্রথম স্মার্ট ক্লাসরুমের উদ্বোধন করলেন গণশিক্ষামন্ত্রী

৮। সরকারের দুই মেয়াদে ৮৮টি বিদ্যুৎকেন্দ্র চালু : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। পরীক্ষা শুরুর আগে দুই ঘণ্টা ইন্টারনেট ধীরগতি রাখার নির্দেশ

১০। দেশের সীমান্তকে আনা হচ্ছে ডিজিটাল নিয়ন্ত্রণে : বিজিবি প্রধান

চলমানপাতা/২

১। নতুন নতুন জাত উদ্ভাবনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলা করতে হবে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ কৃষি ও প্রাণিসম্পদ খাতের অব্যাহত অগ্রগতি নিশ্চিত করতে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলায় নতুন নতুন জাত ও পদ্ধতি উদ্ভাবনে মনোযোগী হতে গবেষক ও বিজ্ঞানীদের প্রতি আহবান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিমেল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে ভাষণদানকালে বলেন, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ইতোমধ্যে আমাদের কৃষিতে পড়তে শুরু করেছে। এ ছাড়া অপরিকল্পিতভাবে রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার মৎস্য ও প্রাণিসম্পদের ওপর বিরূপ প্রভাব ফেলছে। তিনি এ ক্ষেত্রে বিশেষায়িত বিশ্ববিদ্যালয়গুলোর অগ্রণী ভূমিকার কথা উল্লেখ করে বলেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আবিষ্কারের ফল ব্যবহারকারীদের হাতে পৌঁছে দিতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২। ইফাদ অধিবেশনে যোগ দিতে রোম পৌঁছেছেন প্রধানমন্ত্রী

জাতিসংঘের কৃষি উন্নয়ন তহবিলের (ইফাদ) পরিচালনা পর্ষদের ৪১তম বার্ষিক অধিবেশনে যোগ দিতে ইতালির রাজধানী রোমে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) প্রধানমন্ত্রীকে বহনকারী ফ্লাইট স্থানীয় সময় সন্ধ্যা ৬ টা ৫০ মিনিটে (বাংলাদেশ সময় রাত ১১টা ৫০ মিনিটে) রোমের লিয়োনার্দো দ্যা ভিঞ্চি-ফিউমিচিনো আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সেখানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনুষ্ঠানিক অভ্যর্থনা জানান ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আব্দুস সোবহান শিকদার ও ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্টের (ইফাদ) সহ-সভাপতি ক্লডিয়া রিচার্ড। এছাড়া ইতালি প্রবাসী বাংলাদেশি এবং ইউরোপের বিভিন্ন দেশ থেকে ইতোমধ্যে রোমে আসা আওয়ামী লীগের নেতা-কর্মী বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৩। মাছ-মাংসে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে বাংলাদেশ : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

বাংলাদেশ এখন মাছ ও মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, বর্তমানে দেশে দৈনিক মাথাপিছু মাংসের প্রাপ্যতা ১২১ দশমিক ৭৪ গ্রাম, যা চাহিদার তুলনায় বেশি। আর মৎস্যখাত বর্তমানে দেশের মোট জিডিপির ৩ দশমিক ৬১ শতাংশ এবং কৃষিজ জিডিপির ২৪ দশমিক ৪১ শতাংশের যোগান দিচ্ছে। মন্ত্রী আরো বলেন, স্বাধীনতার ৪৬ বছর পর বাংলাদেশ আজ মাছ ও মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। মাছে-ভাতে বাঙালি ঐতিহ্য পুনরুদ্ধার করতে আমরা সক্ষম হয়েছি। উল্লেখ্য, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার ২০১৬ সালের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশ অভ্যন্তরীণ জলাশয় থেকে মৎস্য আহরণে বিশ্বে চতুর্থ এবং মাছ চাষে পঞ্চম অবস্থানে রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৪। খাদ্যে ভেজালের সঙ্গে জড়িতদের শাস্তি বাড়ানো হবে : সংসদে শিল্পমন্ত্রী

বিএসটিআইয়ের (বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউট) আইন ভঙ্গকারী ও খাদ্যে ভেজালের সঙ্গে জড়িতদের শাস্তি বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, সরকার ভোক্তা সাধারণের মাঝে গুণগত মানসম্পন্ন পণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিএসটিআইকে শক্তিশালীকরণ ও ক্ষমতা বাড়ানোর জন্য অত্যাধুনিক ল্যাব স্থাপনের সঙ্গে সঙ্গে জেলা পর্যায়ে বিএসটিআইয়ের কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে। এছাড়া বিএসটিআইয়ের সক্ষমতা বৃদ্ধির জন্য ইতোমধ্যে অত্যাধুনিক কেমিক্যাল মেট্রোলজি

ল্যাব স্থাপন, ভারতীয় অর্থায়নে খাদ্যদ্রব্য, স্বর্ণ, সিমেন্ট ও ইট পরীক্ষার জন্য অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপন ও যন্ত্রপাতি কেনা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩)।

৫। বিটিভি বিশ্বের ৪৯টি দেশে সম্প্রচারিত হচ্ছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, হংকংভিত্তিক এশিয়া সেট-৭ স্যাটেলাইটের মাধ্যমে বিশ্বের ৪৯টি দেশে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও সংসদ বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান সম্প্রচারিত হয়। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) সংসদে মন্ত্রী এসব তথ্য জানান। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশসহ সার্কভুক্ত দেশসমূহের টিভি চ্যানেলসমূহ যাতে সহজে ভারতে সম্প্রচার করা যায়, সে বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সার্ক ফোরামে উত্থাপনের উদ্যোগ অব্যাহত রয়েছে। মন্ত্রী বলেন, পৃথিবীর বিভিন্ন দেশে ক্যাবল টিভি নেটওয়ার্কের মাধ্যমে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও বেসরকারি টেলিভিশন চ্যানেলসমূহের অনুষ্ঠান সম্প্রচারিত হচ্ছে। যুক্তরাষ্ট্র ও কানাডাতে টোটাল ক্যাবল, ইউএসএ কর্তৃক আইপিটিভি'র মাধ্যমে বিটিভির অনুষ্ঠান সম্প্রচার করা হয়। এছাড়া সরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহের বেশ কয়েকটি আইপিটিভি ও ওয়েভটিভির মাধ্যমে বিভিন্ন দেশে অনুষ্ঠান সম্প্রচার করছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৬। দ্রুত বিচার আইনে সাজা বৃদ্ধি করে সংসদে বিল পাশ

সর্বোচ্চ শাস্তির মেয়াদ বৃদ্ধি করে সংসদে আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন) বিল, ২০১৮ পাশ করা হয়েছে। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বিলটি পাশের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাশ হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

৭। প্রথম স্মার্ট ক্লাসরুমের উদ্বোধন করলেন গণশিক্ষামন্ত্রী

মাল্টিমিডিয়া ক্লাসরুমের পর এবার প্রত্যেক স্কুলে একটি করে স্মার্ট ক্লাসরুম তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। এ ক্লাসরুমে শিক্ষার্থীকে পাঠের বিষয় অ্যানিমেশন কার্টুন ও ছবি -এমনকি অনলাইনে তাৎক্ষণিক ছবি ডাউনলোড করে দৃষ্টান্ত দিয়ে দেখানো হবে। বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার (টেশিস) সহায়তায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ উদ্যোগ বাস্তবায়ন করছে। উদ্যোগের যথার্থতা এবং ভুল-ত্রুটি নিরূপণের লক্ষ্যে গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) ডিজিটাল স্মার্ট ক্লাসরুমের পরীক্ষামূলক কার্যক্রম শুরু হয়েছে। রাজধানীর মতিঝিলে আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষামূলক এ ক্লাস কার্যক্রমের উদ্বোধন করেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজার। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

৮। সরকারের দুই মেয়াদে ৮৮টি বিদ্যুৎকেন্দ্র চালু : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, বর্তমান সরকারের দুই মেয়াদে এ পর্যন্ত মোট ৮ হাজার ৮১৯ মেগাওয়াট ক্ষমতার ৮৮টি বিদ্যুৎকেন্দ্র বাণিজ্যিকভাবে চালু রয়েছে। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে বলেন, এ বিদ্যুৎকেন্দ্রগুলো ছাড়াও নতুন নতুন তাপ বিদ্যুৎকেন্দ্র নির্মাণের লক্ষ্যে কার্যক্রম চলছে। তিনি জানান, বর্তমানে মোট ১৩ হাজার ৮১৩ মেগাওয়াট ক্ষমতার ৪৫টি তাপ বিদ্যুৎকেন্দ্র নির্মাণাধীন রয়েছে। এ বিদ্যুৎকেন্দ্রগুলো ২০১৮ থেকে ২০২৪ সালের মধ্যে পর্যায়ক্রমে চালু হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

৯। পরীক্ষা শুরুর আগে দুই ঘণ্টা ইন্টারনেট ধীরগতি রাখার নির্দেশ

চলমান এসএসসি পরীক্ষার প্রশ্নফাঁস রোধে আড়াই ঘণ্টা ইন্টারনেট ধীর গতিতে রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। পরীক্ষা শুরুর আধা ঘণ্টা পর (সকাল সাড়ে দশটা পর্যন্ত) পর্যন্ত ইন্টারনেট ধীরগতিতে চলবে। নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি থেকে দেশের সব আইআইজিকে (ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে) এ নির্দেশ পাঠানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১০। দেশের সীমান্তকে আনা হচ্ছে ডিজিটাল নিয়ন্ত্রণে : বিজিবি প্রধান

দেশের সীমানায় বিওপি স্থাপন ও ডিজিটাল সার্ভিলেন্স রাডারসহ অত্যাধুনিক যন্ত্রাংশ স্থাপনের মাধ্যমে নিয়ন্ত্রণের আওতায় আনা হচ্ছে জানিয়ে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি'র) মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন বলেছেন, সীমান্তে ডিজিটাল পদ্ধতিতে নজরদারি করা হবে। ইন্টারনেট বেজড ক্যামেরা, সার্ভিলেন্স রাডার, ফ্লাড লাইট স্থাপনের মাধ্যমে পুরো সীমান্তে নিরাপত্তা জোরদারের কাজ চলছে। সীমান্তে বিজিবি টহল এবং চোরাকারবারীদের আনাগোনার ওপর নজরদারি ঢাকায় পিলখানা সদরদফতর থেকে পুরোপুরি মনিটরিং করা হবে। গতকাল (১১ ফেব্রুয়ারি রোববার) বর্ডারের সার্বিক পরিস্থিতি এবং বিজিবি উন্নয়নে বর্তমান সরকারের বিভিন্ন পদক্ষেপ নেওয়ার তথ্য তুলে ধরে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৩), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১),

সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ :** চিকিৎসক সংকটসহ নানা সংকট ও অনিয়ম অব্যবস্থাপনায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলো আক্রান্ত উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি ।

গ. **যুগান্তর :** চালকের অদক্ষতা ও ত্রুটিপূর্ণ গাড়ি চলাচলের কারণে সড়ক দুর্ঘটনা বেড়ে চলার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** অপরিকল্পিত শিল্পায়ন, বসতবাড়ি নির্মাণ ইত্যাদি কারণে চাষযোগ্য জমি ক্রমাগত হ্রাস পাচ্ছে উল্লেখ করে এসব রোধে জমি ব্যবহার আইন প্রণয়নের সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** তরুণ প্রজন্মকে পাঠে আগ্রহী করে তুলতে গ্রন্থাগার আধুনিকায়ন অত্যন্ত জরুরি বলে মতপ্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ও ভারতের মধ্যে কমন বর্ডারে বসবাসরত স্থানীয়দের চাহিদার ভিত্তিতে বর্তমানের চারটি হাটের চেয়ে আরো বেশি বর্ডার হাট গড়ে তোলার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এ বিষয়ে দু'দেশের মধ্যে বিজনেস ফ্রেন্ডলি পরিবেশ গড়ে তুলে বিদ্যমান বাণিজ্য ব্যবধান কমানোর ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** গ্রাম ও শহরের বৃহৎ জনগোষ্ঠী রাস্তার পাশের অস্বাস্থ্যকর খাবারের ওপর নির্ভরশীল থাকায় এসব খাবারকে স্বাস্থ্যসম্মত করতে সম্পূর্ণ ব্যবস্থাকে মানসম্মত কোড অভ্ কন্ডাক্টের অধীনে আনার প্রত্যাশা।

জ. **ডেইলি স্টার :** চট্টগ্রামে বিমানবন্দর সড়কে কর্ণফুলী নদীর পাড়ে ইঞ্জিনের কালো তেলের শত শত ব্যাগ বালু দিয়ে ঢেকে ডাম্পিং করার বিষয় তুলে ধরে চট্টগ্রাম বন্দর ও পরিবেশ অধিদফতরকে এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** অপরিকল্পিত উন্নয়ন কর্মকাণ্ডের জন্য রাজধানীবাসীর নানা দুর্ভোগের পরিপ্রেক্ষিতে জনগণের সুবিধার বিষয় প্রাধান্য দিয়ে পরিকল্পনাবিদদের উন্নয়ন পরিকল্পনা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে প্রশ্নফাঁস রোধের লক্ষ্যে পরিকল্পিত উপায়ে জনসচেতনতা সৃষ্টি ও শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের নৈতিক মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত **'নৈতিকতায় সমৃদ্ধ মানব সম্পদ চাই'** শিরোনামের নিবন্ধে নীতি-নৈতিকতায় আলোকিত মানবসম্পদ যেকোনো সম্পদের চেয়ে বেশি মূল্যবান বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা